

## 💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৬৪৪

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ এই বক্তব্যের ব্যাখ্যা যেখানে রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন "আমাদের মজলিসে", এর দ্বারা তিনি "আমাদের মসজিদ" বোঝাতে চেয়েছেন

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ قَوْلَهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي مَجَالِسِنَا أَرَادَ بِهِ مَسَاجِدِنَا

الصفحة أو الرقم: 1644 | خلاصة حكم المحدث: صحيح

## আরবী

1644 \_ أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ إِسْحَاقَ التَّقَفِيُّ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا اللهِ صَلَّى الْمُفَضَلُ بْنُ فَضَالَةَ عَنِ ابْنِ جُرَيْجٍ عَنْ أَبِي الزُّبَيْرِ: عَنْ جَابِرٍ قَالَ: نَهَى رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ أَكْلِ الْكُرَّاثِ فَلَمْ يَنْتَهُوا ثُمَّ لَمْ يَجِدُوا بُدًّا مِنْ أَكْلِهَا فَوَجَدَ رِيحَهَا اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَنْ هَذِهِ الْبَقْلَةِ الْخَبِيثَةِ أَوِ الْمُنْتِنَةِ؟ مَنْ أَكلها فَلَا يَغْشَنَا فِي مَسَاجِدِنَا فَإِنَّ الْمَلَائِكَةَ تَتَأَذَّى مِمَّا يَتَأَدى منه الإنسان) فَإِنَّ الْمَلَائِكَةَ تَتَأَذَّى مِمَّا يَتَأْدى اللهِ المحدث: العلامة ناصر الدين الألباني ا المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

## বাংলা

১৬৪৪. জাবির রাদ্মাল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম পলাণ্ডু ভক্ষন করতে নিষেধ করেছেন। কিন্তু লোকজন তা থেকে নিবৃত থাকেনি। তারপর তারা এটা খেতে বাধ্য হন ফলে তিনি তার গন্ধ পান। তখন তিনি বলেন, "আমি কি তোমাদের এই অপ্রীতিকর বা (রাবীর সন্দেহ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন) দুর্গন্ধময় সবজি খেতে নিষেধ করিনি? যে ব্যক্তি এসব সবজি ভক্ষন করবে, সে যেন আমাদের এই মাসজিদে না আসে। কেননা মানুষ যাতে কন্টু পায়, তাতে ফেরেস্তাগণও কন্টু পায়।"[1]

## ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৫৬৪; আবূ আওয়ানা: ১/৪১২; তিরমিযী: ১৮০৬; নাসাঈ: ২/৪৩; সহীহ ইবনু খুযাইমাহ: ১৬৬৫; মুসান্নাফ আব্দুর রায্যাক: ১৭৩৬; মুসনাদ আহমাদ: ৩/৩৮০; সহীহ আল বুখারী: ৮৫৪; আবূ আওয়ানা:



১/৪১১; তাহাবী, শারহু মা'আনিল আসার: ৪/২৩৭; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ২/৫১০; আবূ দাউদ: ৩৮২২; সুনান বাইহাকী: ৩/৭৬; বাগাবী, শারহুস সুনাহ: ৪৯৬; তাবারানী আস সাগীর: ২/১২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৫৪৭)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন